

৫৮ শতাংশ পর্যটক বেড়েছে সৌদি আরবে

- A Monitor Desk Report

Date: 05 October, 2023



মহামারী ও বৈশ্বিক অনিশ্চয়তার প্রতিবন্ধকতা কাটিয়ে উঠছে সৌদি আরবের পর্যটন খাত। চলতি বছরের প্রথম ৭ মাসে দেশটিতে পর্যটক সংখ্যা মহামারীপূর্ব ২০১৯ সালের একই সময়ের তুলনায় বেড়েছে ৫৮ শতাংশ। পর্যটক সংখ্যার দিক থেকে বৈশ্বিকভাবে দ্বিতীয় স্থান অর্জন করেছে দেশটি।

জাতিসংঘের বিশ্ব পর্যটন সংস্থা (ইউএনডব্লিউটিও) প্রকাশিত ইউএনডব্লিউটিও ওয়ার্ল্ড ট্যুরিজম ব্যারোমিটারের তথ্যানুযায়ী, দেশটি চলতি বছরের প্রথম ৭মাসে পর্যটকের সংখ্যায় উল্লেখযোগ্য প্রবৃদ্ধি দেখেছে।

পর্যটন শিল্পে সৌদি আরবের এ সাফল্য পর্যটন খাতে তাদের শক্তিশালী অবস্থান তুলে ধরেছে। গত মাসে রিয়াদ বিশ্ব পর্যটন দিবসের জন্য বিশেষ আয়োজন করেছিল। যেখানে পর্যটন গন্তব্য হিসেবে সৌদি আরবের বিভিন্ন আকর্ষণীয় স্থানগুলো তুলে ধরা হয়।

আরও পড়ুন: [কাশ্মিরের মত নৌকায় রাত কাটানো যাবে কাপ্তাই হুদে](#)

২০৩০ সাল পর্যন্ত পর্যটন কৌশল নির্ধারণ করেছে সৌদি। দেশটি এ দশকের মধ্যে ১০ কোটি নতুন পর্যটক আকর্ষণ এবং এ খাতে অন্তত ১০ লাখ মানুষের কর্মসংস্থান সৃষ্টি করতে চায়। যার মধ্য দিয়ে মোট দেশজ উৎপাদনে (জিডিপি) পর্যটন খাতের অবদান ১০ শতাংশ নিশ্চিত করতে চায় দেশটি।

-B